

এসএসসির স্থগিত দুই পরীক্ষা ২৭ ও ২৮ মার্চ

যুগান্তর রিপোর্ট

হরতালে স্থগিত করা এসএসসির দুই দিনের পরীক্ষার নতুন তারিখ ঘোষণা করেছে শিক্ষা মন্ত্রণালয়। ৮ মার্চের এসএসসি ও সীমানার পরীক্ষা আগামী ২৭ মার্চ শুক্রবার সকাল ৯টায় নেয়া হবে। আর ১০ মার্চের স্থগিত পরীক্ষা হবে ২৮ মার্চ শনিবার সকাল ১০টা থেকে। তবে ১১ মার্চের স্থগিত পরীক্ষার নতুন তারিখ এখনও নির্ধারণ করা হয়নি।

শনিবার-শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগের দায়িত্বপ্রাপ্ত উপপ্রধান তথা কর্মকর্তা সুবোধ চন্দ্র ঢালী এ তথ্য জানিয়েছেন।

৮ মার্চ এসএসসিতে হিসাব বিজ্ঞান এবং দাখিলে রসায়ন (তৃতীয়) পরীক্ষা ছিল। ১০ মার্চ এসএসসিতে শারীরিক শিক্ষা, স্বাস্থ্যবিজ্ঞান ও খেলাধুলা এবং দাখিলে পদার্থ বিজ্ঞানের (তৃতীয়) পরীক্ষা নির্ধারিত ছিল।

এছাড়া সঙ্গীত ও বেসিক টেক্সটসহ সব বিষয়ের ব্যবহারিক পরীক্ষা আগামী ২৯ মার্চ থেকে ২ এপ্রিলের মধ্যে শেষ করতে সংশ্লিষ্টদের নির্দেশ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয়।